# ষষ্ঠ অধ্যায় : পারমী

## পাঠ-১ পারমী পরিচিতি | Text পৃষ্ঠা-৪১

১. গৌতম বুদ্ধ বোধি সত্ত্বরূপে কয়বার জন্মগ্রহণ করেন? (জ্ঞান) /কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
ক ৫৪০ খ ৫৫০
গ ৫৩০ ঘ ৫৩০ — খ

২. বুদ্ধের কয় গুণ? (জ্ঞান) /সকল বোর্ড ২০১৪/
ক ৮ গুণ খ ৯ গুণ
গ ১০ গুণ ঘ ১১ গুণ — গ

৩. 'পারমী' শব্দের সাধারণ অর্থ কী? (জ্ঞান)
ক সততা খ সাহসিকতা
গ পূর্ণতা ঘ ব্যবহার — গ

৪. পরিশুদ্ধিতা অর্জনের জন্য যে সাধনা বা সৎকর্মের অনুষ্ঠান তাকে কী বলা হয়? (জ্ঞান)
ক দমগুণ খ পারমী
গ পরাভব ঘ দশশীল — খ

৫. বুদ্ধত্ব লাভে অভিলাষী বোধিসত্ত্বগণকে কী পূর্ণ করতে হয়? (জ্ঞান)
ক পারমোক্ষশীল খ অষ্টশীল
গ প্রব্রজ্যা ঘ পারমী — ঘ

৬. পারমী কয় প্রকার? (জ্ঞান)
ক ১২ খ ১০
গ ১১ ঘ ১৫ — খ

৭. পারমীসমূহ প্রত্যেকটি কয়টি স্তরে বিভক্ত? (জ্ঞান)
ক তিনটি খ চারটি
গ পাঁচটি ঘ ছয়টি — ক

৮. জগত কীসে পরিপূর্ণ? (জ্ঞান) /বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমি, কক্সবাজার/
ক দুঃখে খ সুখে
গ আনন্দে ঘ হর্ষে — ক

৯. অর্হত্ব প্রাপ্তির জন্যে জন্ম-জন্মান্তরে কী পূর্ণ করতে হয়? (জ্ঞান) /বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমি, কক্সবাজার/
ক পারমী খ অষ্টশীল
গ প্রব্রজ্যা ঘ চিবর দান — ক

১০. কারা জগতের দুঃখময়তা অনুধাবন করে দুঃখমুক্তির পথ নির্দেশ করেন? (জ্ঞান)
ক পণ্ডিতগণ খ বুদ্ধগণ
গ রাজাগণ ঘ দেবতাগণ — খ

১১. সুমেধ তাপস কার দর্শনে আনন্দে শিহরিত হলেন? (জ্ঞান)
ক দীপংকর বুদ্ধ খ অশোক
গ অক্ষয় ব্রহ্মচার্য ঘ বিনোদ ব্রহ্মচর্য — ক

১২. সুমেধ তাপস কোন রাজ্যে জন্মগ্রহণ করেন? (জ্ঞান)
ক শাক্য খ চৌল
গ দেব ঘ সিং — ক

১৩. কোন বুদ্ধের কাছে সুমেধ তাপস বুদ্ধ হওয়ার প্রার্থনা করেন? (জ্ঞান) /সকল বোর্ড ২০১৫/
ক দীপংকর বুদ্ধ খ পদুমুত্তর বুদ্ধ
গ কশ্যপ বুদ্ধ ঘ পচ্চেক বুদ্ধ — ক

১৪. সুমেধ তাপস কত বছর কঠোর তপস্যা করে বুদ্ধত্ব লাভ করেন? (জ্ঞান)
ক ৭ খ ৮
গ ৯ ঘ ৬ — ঘ

১৫. কেন বৌদ্ধধর্মে পারমীর গুরুত্ব অপরিসীম? (অনুধাবন)
ক চারিত্রিক উৎকৃষ্টতা সাধন করার জন্য
খ প্রব্রজ্যা পালন থেকে বিরত থাকার জন্য
গ মোহ ও কামনা পূর্ণ করার জন্য
ঘ যশ ও প্রতিপত্তি অর্জন করার জন্য — ক

১৬. উৎকর্ষতা সাধন করার জন্য যে সাধনা করা হয়ে থাকে তাকে কী বলা হয়ে থাকে? (অনুধাবন)
ক প্রব্রজ্যা খ ত্রিরত্ন বন্দনা
গ পারমী ঘ চীবর প্রত্যবেক্ষণ — গ

১৭. বোধিসত্ত্বগণ কেন পারমী পূর্ণ করে থাকেন? (অনুধাবন)
ক আধ্যাত্মিকতা অর্জন করার জন্যে
খ পিণ্ডপাত প্রত্যবেক্ষণের জন্যে
গ ত্রিরত্ন বন্দনা করার জন্যে
ঘ বুদ্ধত্ব লাভ করার জন্যে — ঘ

১৮. সুনীত চাকমা অর্হত্ব লাভ করার জন্য দশ প্রকারের কুশলকর্ম সম্পাদন করেছেন। এটির সাথে সাদৃশ্যপূর্ণ বিষয় কোনটি? (প্রয়োগ)
ক প্রত্যবেক্ষণ খ পরাভব সূত্র
গ ত্রিরত্ন বন্দনা ঘ পারমী — ঘ

১৯. বিজন মারমা তার বাড়িতে ভিক্ষুগণ আসলে তাদের জন্য খাবারের ব্যবস্থা করেন। ফলশ্রুতিতে তিনি কোনটি প্রাপ্ত হবেন? (উচ্চতর দক্ষতা)
ক অঢেল সম্পদ খ প্রব্রজ্যা প্রাপ্তি
গ মহাফল প্রদ ঘ যশ ও খ্যাতি — গ

২০. সুমেধ তাপসের কুশল কর্ম সম্পাদনের উদ্দেশ্য কী ছিল? (উচ্চতর দক্ষতা)
ক জ্ঞান অর্জন খ খ্যাতিলাভ
গ দূরদর্শিতা অর্জন ঘ বুদ্ধত্ব লাভ — ঘ

২১. পারমী অনুশীলন করতে হয়— (অনুধাবন)
i. বুদ্ধত্ব লাভের জন্য
ii. নির্বাণ লাভের জন্য iii. অর্হত্ব লাভের জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

২২. বৌদ্ধধর্মে পারমীর গুরুত্ব অপরিসীম, কারণ এতে— (উচ্চতর দক্ষতা) (অনুশীলনী)
i. জীবনের উৎকর্ষ সাধিত হয়
ii. নির্বাণ লাভের হেতু উৎপন্ন হয়
iii. বুদ্ধত্ব লাভের হেতু উৎপন্ন হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

২৩. পারমীর মাধ্যমে অর্জিত হয়— (অনুধাবন)
i. উৎকর্ষতা
ii. পরিশুদ্ধিতা iii. সম্পূর্ণতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

http://teachingbd.com

২৪. **পারমীর প্রকারভেদগুলো হলো—** (অনুধাবন)
i. দান পারমী
ii. ক্ষান্তি পারমী    iii. সত্য পারমী
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii    **ঘ**

২৫. **বুদ্ধগণ নির্দেশ করে—** (অনুধাবন)
i. দুঃখমুক্তির পথ
ii. নির্বাণ লাভের পথ    iii. সম্পদ লাভের পথ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii    **ক**

২৬. **নিচের (?) চিহ্নিত স্থানে সঠিক উত্তরটি হবে—**
(প্রয়োগ)




i. পারমী
ii. পারমিতা
iii. প্রব্রজ্যা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii    **ক**

২৭. **বিপিন বড়ুয়া বুদ্ধের জ্ঞান অর্জন করতে চায়। এ জন্য তাকে পালন করতে হবে—** (প্রয়োগ)
i. পারমিতা
ii. কঠোর সাধনা    iii. কুশলকর্ম সম্পাদন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii    **ঘ**

২৮. **মিতালী বড়ুয়া ভিক্ষুসঙ্ঘের জন্য আহারের ব্যবস্থা করলেন। এর ফলে তিনি প্রাপ্ত হবেন—** (প্রয়োগ)
i. অর্হত্ব লাভ
ii. নির্বাণ লাভ    iii. মহাফলপ্রদ লাভ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii    **ঘ**

## ★ পাঠ-২ দশ পারমী | Text পৃষ্ঠা-৫১

২৯. **দশ পারমীর মধ্যে কোন পারমীর স্থান সর্বাগ্রে?**
(জ্ঞান)
(ক) সত্য    (খ) মৈত্রী
(গ) উপেক্ষা    (ঘ) দান    **ঘ**

৩০. **মানুষের ত্রাণ বা রক্ষণকারী কোন পারমী?** (জ্ঞান)
(ক) বীর্য    (খ) নৈষ্ক্রম্য
(গ) দান    (ঘ) অধিষ্ঠান    **গ**

৩১. **গৌতম বুদ্ধ দীপংকর বুদ্ধের সময় কী নামে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
(ক) সুমেধ তাপস    (খ) সুনীত তাপস
(গ) হিরণ্য তাপস    (ঘ) বেস্সান্তর তাপস    **ক**

৩২. **বুদ্ধ পারমীর মধ্যে প্রথমে 'দান' পারমীকে গুরুত্ব দিয়েছেন কেন?** (অনুধাবন) */সকল বোর্ড ২০১৫/*
(ক) দানের ফলে জন্ম-মৃত্যু রোধ হয় বলে
(খ) দানের ফলে আয়ু বৃদ্ধি পায় বলে
(গ) দান মানুষের ত্রাণ বা রক্ষাকারী বলে
(ঘ) দানের ফলে সুনাম অর্জন হয় বলে    **ক**

৩৩. **দান পারমী কয় প্রকার?** (জ্ঞান) */কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/*
(ক) ৪    (খ) ৩
(গ) ৫    (ঘ) ৬    **খ**

৩৪. **শীল শব্দের অর্থ কী?** (জ্ঞান)
(ক) চরিত্র    (খ) সম্পদ
(গ) সম্মান    (ঘ) ভাগ্য    **ক**

৩৫. **প্রজ্ঞা শব্দের অর্থ কী?** (জ্ঞান)
(ক) নির্গমন    (খ) চরিত্র
(গ) বীরত্ব    (ঘ) সম্যক চিন্তা    **ঘ**

৩৬. **প্রজ্ঞা পারমী কয় প্রকার?** (জ্ঞান)
(ক) ৪    (খ) ৩
(গ) ৫    (ঘ) ৭    **খ**

৩৭. **কোনটি মহত্ত্বের লক্ষণ?** (জ্ঞান)
(ক) ক্ষমা    (খ) বীরত্ব
(গ) কর্মশক্তি    (ঘ) জ্ঞান    **ক**

৩৮. **সর্বদা সত্যে প্রতিষ্ঠিত থাকার ব্রতকে কোন পারমী বলে?** (জ্ঞান) */সকল বোর্ড ২০১৫/*
(ক) অধিষ্ঠান পারমী    (খ) মৈত্রী পারমী
(গ) উপেক্ষা পারমী    (ঘ) সত্য পারমী    **ঘ**

৩৯. **দুঃখ মুক্তির পথ কোনটি?** (জ্ঞান) */সকল বোর্ড ২০১৪/*
(ক) সাম্যনীতির পথ    (খ) আর্য-অষ্টাঙ্গিক মার্গ
(গ) আচার-অনুষ্ঠান    (ঘ) দান ধর্ম    **ঘ**

৪০. **কোন পারমীকে পারমীসমূহের মূলমন্ত্র বলা হয়?** (জ্ঞান) ★ */কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/*
(ক) প্রজ্ঞা পারমী    (খ) অধিষ্ঠান
(গ) উপেক্ষা পারমী    (ঘ) সত্য পারমী    **খ**

৪১. **সংসার ধর্ম পরিত্যাগ করে বিশুদ্ধ জীবনযাপন করাকে কী বলা হয়ে থাকে?** (অনুধাবন) ★ */বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমি, কক্সবাজার/*
(ক) শীল পারমী    (খ) নৈষ্ক্রম্য পারমী
(গ) প্রজ্ঞা পারমী    (ঘ) উপেক্ষা পারমী    **খ**

৪২. **কীভাবে মানব জীবন পরিশুদ্ধ হয়ে থাকে?** (অনুধাবন)
(ক) অত্যধিক খ্যাতি অর্জনে
(খ) শীল পারমীর পরিপূর্ণতায়
(গ) ন্যায়কর্ম উপেক্ষায়
(ঘ) সংসার আবর্তে নিমগ্ন হয়ে    **খ**

৪৩. **কীভাবে মানুষের দুঃখ দূরীভূত হয়ে থাকে?**
(অনুধাবন)
(ক) দান করার মাধ্যমে
(খ) অকুশলকর্মের সম্পাদনায়
(গ) বিচল চিত্তে কর্ম সম্পাদনায়
(ঘ) তিরস্কারকারীকে ভর্ৎসনায়    **ক**

৪৪. **তথাগত বুদ্ধের সর্বজ্ঞতা জ্ঞানকে কেন চিন্তাময় প্রজ্ঞা বলা যেতে পারে?** (অনুধাবন)
(ক) আপন অভিজ্ঞতায় জ্ঞান অর্জন করেছেন বলে
(খ) গুরুর নিকট শুনে জ্ঞান অর্জন করেছেন বলে
(গ) গবেষণার মাধ্যমে জ্ঞান অর্জন করেছেন বলে
(ঘ) ভাবনার মাধ্যমে জ্ঞান অর্জন করেছেন বলে    **ক**

Teachingbd.com

৪৫. **ইউচ্যো রাখাইন তার এক অসুস্থ প্রতিবেশীকে রক্ত দিলে তিনি সুস্থ হয়ে ওঠেন। এটির সাথে সাদৃশ্যপূর্ণ বিষয় কোনটি?** (প্রয়োগ)
ক দান পরমার্থ পারমী  খ দান উপ পারমী
গ সত্য পারমী  ঘ উপেক্ষা পারমী  **খ**

৪৬. **অমল কান্তি বড়ুয়া তার এক বন্ধুকে মাদক সেবন করতে দেখলে তা থেকে বিরত থাকার অনুরোধ করেন। এটির সাথে সাদৃশ্যপূর্ণ বিষয় কোনটি?** (প্রয়োগ)
ক শীল পারমী  খ প্রজ্ঞা পারমী
গ অধিষ্ঠান পারমী  ঘ বীর্য পারমী  **ক**

৪৭. **মানসী বড়ুয়া একজন লোককে প্রাণী হত্যা থেকে বিরত থাকার অনুরোধ করলেন। এর ফলে তিনি কোনটি প্রাপ্ত হবেন?** (উচ্চতর দক্ষতা)
ক চারিত্রিক উৎকর্ষতা  খ সংসারী
গ দূরদর্শিতা  ঘ প্রজ্ঞাধারী  **ক**

৪৮. **মনীন্দ্র মারমা সংসার জীবন ত্যাগ করে প্রব্রজ্যাকারী হয়ে সম্বোধি অর্জনে ব্যাপৃত হন? এটি কোন বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ?** (প্রয়োগ)
ক প্রজ্ঞা পারমী  খ ক্ষান্তি পারমী
গ সত্য পারমী  ঘ নৈষ্ক্রম্য পারমী  **ঘ**

৪৯. **শীল পারমীর অনুশীল করতে হয়—** (অনুধাবন)
i. প্রাণী হত্যা থেকে বিরত থেকে
ii. মিথ্যা ভাষণ থেকে বিরত থেকে
iii. চুরির অভ্যাস ত্যাগ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

৫০. **উচিংজ্য-মারমা সকল প্রাণীর প্রতি মৈত্রীভাব পোষণ করেন। এর ফলে তিনি প্রাপ্ত হবেন—** (উচ্চতর দক্ষতা)
i. সংযত চিত্ত
ii. মহাফল প্রদ লাভ  iii. নির্বাণ লাভ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

৫১. **মোহন চাকমা ও বিজন চাকমার মধ্যে সম্পদ ভাগাভাগি নিয়ে দ্বন্দ্ব দেখা দিলে যতীন্দ্র নামের তাদের এক প্রতিবেশী এ দ্বন্দ্ব মিটিয়ে দেন। এর ফলে যতীন্দ্র প্রাপ্ত হবেন—** (উচ্চতর দক্ষতা)
i. সম্বোধি
ii. অর্হত্ত্ব  iii. নির্বাণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

## ★★ পাঠ-৩ ও ৪ পারমী সম্পর্কিত কাহিনী: মহাকপি জাতক ও বৌদ্ধ দশ পারমী চর্চার গুরুত্ব | Text পৃষ্ঠা- ৫৫ ও ৫৭

৫২. **কোন জাতকে 'দশ পারমী' বোঝানোর চেষ্টা করা হয়েছে?** (জ্ঞান) */সকল বোর্ড ২০১৬/*
ক শিবি জাতকে
খ বন্নুপথ জাতকে
গ ন্যাগ্রোধমৃগ জাতকে
ঘ মহাকপি জাতকে  **ঘ**

৫৩. **কপি শব্দের অর্থ কী?** (জ্ঞান) */বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমি, কক্সবাজার/*
ক সিংহ  খ বানর
গ উট  ঘ বাঘ  **খ**

৫৪. **মহাকপি জাতকে বানররূপী বোধিসত্ত্ব পারমী পালন করেন—** (অনুধাবন)
i. আত্মত্যাগের ইচ্ছা পোষণে
ii. প্রতিহিংসা পোষণ না করে
iii. সহনশীলতা ও উদারতা প্রকাশ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

৫৫. **বানররূপী বোধিসত্ত্ব মৈত্রী পারমীর অনুশীলন করেছেন—** (অনুধাবন)
i. করুণা প্রকাশ করে
ii. প্রতিহিংসা প্রকাশ করে
iii. উদ্বিগ্নতা প্রকাশ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **খ**

৫৬. **বৌদ্ধদের পরম লক্ষ্য হলো—** (অনুধাবন)
i. নির্বাণ লাভ
ii. অর্হত্ত্ব লাভ
iii. যশ ও খ্যাতিলাভ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ক**

৫৭. **পারমী পালনের মাধ্যমে দূরীভূত হয়—** (অনুধাবন)
i. ভয়-ভীতি
ii. লোভ-মোহ
iii. অজ্ঞতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

**নিচের অনুচ্ছেদটি পড়ে এবং ৫৮ ও ৫৯ নম্বর প্রশ্নের উত্তর দাও।**
উচিংজ্য রাখাইন পদুমুত্তর বুদ্ধের সময় নানাবিধ কুশলকর্ম সম্পাদন করে ইহজন্মে উচ্চবংশে জন্মলাভ করেন। তিনি জীবনের আশা-আকাঙ্ক্ষা পূরণের লক্ষ্যে প্রব্রজ্যাধারী হয়ে ধ্যান-সাধনায় আত্মনিয়োগ করেন। এতে পরজন্মে তাঁর বোধিজ্ঞান অর্জন হবে বলে ধারণা জন্মে। (অনুশীলনী)

৫৮. **উচিংজ্য রাখাইন কী পূরণের লক্ষ্যে প্রব্রজ্যা লাভ করেন?** (প্রয়োগ)
ক সুখ  খ স্বর্গ
গ পারমী  ঘ জ্ঞান  **গ**

৫৯. **পরজন্মে বোধিজ্ঞান অর্জিত হবে উচিংজ্য রাখাইনের এই ধারণায় প্রকাশ পেয়েছে—** (উচ্চতর দক্ষতা)
i. পারমী পূরণের সংকল্প
ii. কুশল কর্ম সম্পাদন
iii. কঠোর তপস্যা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

Teachingbd.com